

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
পরিকল্পনা-১ শাখা

প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-৩ এর এডুকেশন ইন ইমার্জেন্সী খাতের আওতায় সংস্থানকৃত অর্থ ব্যবহারের নীতিমালা

ভূপ্রকৃতিগত অবস্থানসহ জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের কারণে বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রতি বছর বন্যা, জলোচ্ছাস, খরা, নদী ও উপকূলীয় ভাঙ্গনসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে বিপুল সংখ্যক প্রাণহানি ঘটে এবং সম্পদের ক্ষয়ক্ষতি হয়। বাংলাদেশে শিক্ষা ব্যবস্থাও এসব দুর্যোগের প্রভাবে অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়। প্রাকৃতিক এ দুর্যোগের কারণে শিক্ষা অবকাঠামো ক্ষতি হওয়ার ফলে পাঠ দান কার্যক্রম প্রায়শইঃ বন্ধ থাকে। প্রাকৃতিক দুর্যোগ ছাড়াও মানব সৃষ্ট বিভিন্ন কারণ যেমন বিভিন্ন ধরনের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ফলে বিদ্যালয়ের অবকাঠামোর আংশিক বা সম্পূর্ণ বিদ্যালয়ের অধিগ্রহণ করার আবশ্যিকতা দেখা দেয়। তাছাড়া, অনেক সময়ে রাজনৈতিকসহ বিভিন্ন ধরনের সামাজিক অস্থিরতার কারণেও বিদ্যালয়ের পাঠদান পরিবেশের বিভিন্ন ধরনের ক্ষতি সাধিত হয় যা পাঠ দান কার্যক্রমকে ব্যাহত করে। এছাড়া, প্রাকৃতিক দুর্যোগে সরাসরি ক্ষতিগ্রস্ত না হলেও দুর্যোগকালীন সময় বিদ্যালয় আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহারের ফলে পানি, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও আসবাবপত্রের মারাত্মক ক্ষয়ক্ষতি হয়ে থাকে।

এদেশের প্রাথমিক বিদ্যালয়গুলোর অধিকাংশই দুই শিফটে পরিচালনা করার ফলে বর্তমান পাঠ দান সময় সম-পর্যায়ের অনেক দেশ এবং পাঠ দান সময়ের প্রমিতমানদণ্ড থেকে অনেক কম। প্রাকৃতিক ও মানব সৃষ্ট এসব দুর্যোগ যখন শিক্ষার অবকাঠামোকে ক্ষতিগ্রস্ত করে তখন এ বিষয়টি আরো নাজুক অবস্থা ধারণ করে। দুর্যোগ পরবর্তী সময়ে এসব অবকাঠামো পুনরায় নির্মাণ করার জন্য বেশ কিছু সময় প্রয়োজন হয়। স্থায়ী অবকাঠামো পুনরায় নির্মাণ করে পাঠদান পরিবেশ পুনঃস্থাপনের পূর্বে বিকল্প কোন ব্যবস্থায় অস্থায়ী অবকাঠামো নির্মাণসহ পাঠ দান পরিবেশ পুনঃস্থাপনের কোন কাঠামোগত ব্যবস্থা, নীতিমালা বা অর্থের সংস্থান তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি-৩) কর্মসূচির প্রণয়নের পূর্বে ছিল না।

এসকল বাস্তব সমস্যা সমাধানের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে “Education in Emergency” শীর্ষক একটি কার্যক্রম অন্তর্ভুক্তসহ এ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়। এ কার্যক্রমের আওতায় কোন ধরনের কার্যক্রম প্রাকৃতিক বা মানব দুর্যোগ বলে বিবেচিত হবে এবং কিভাবে এ অর্থ ব্যয় করা হবে বা কোন প্রক্রিয়ায় এ সব কাজের অনুমোদন প্রদান করা হবে সে বিষয়গুলো এ নীতিমালার আলোকে পরিচালিত হবে। এ নীতিমালার আলোকে প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ, রাষ্ট্রীয় জরুরী পরিস্থিতিতে বিদ্যালয় অবকাঠামো ব্যবহৃত হওয়ার প্রেক্ষিতে বা অন্য কোন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের কারণে কোন প্রাথমিক বিদ্যালয় বা প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হলে বিকল্প ব্যবস্থায় অস্থায়ীভিত্তিতে বিদ্যালয়সমূহে শিক্ষা কার্যক্রম এবং প্রাথমিক শিক্ষা প্রশাসন ব্যবস্থাপনা অব্যাহত রাখার জন্য পিইডিপি-৩’র Education in Emergency কার্যক্রমের আওতায় বিদ্যালয়ে ভৌত অবকাঠামো উন্নয়ন তথা অস্থায়ী টিনসেড ভবন নির্মাণ/বিদ্যমান ভবন ও ভবন সংশ্লিষ্ট অংশ মেরামত/সংস্কার/পুনঃনির্মাণ, বিশুদ্ধ

